শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৮৫.১২-২৭৯ তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৩ মে ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-২২১৭/২০১২ (আপীল নং-১৬৬৩/২০১৩) মামলার গত ১৯.০৭.২০১২ খ্রি. তারিখের রায়ের আলোকে বকেয়া বেতন ভাতা প্রদান।

সূত্র: মরাকান্দি নছিমুন্নেছা ইসলামিয়া দাখিল মাদরাসা, ইসলামপুর, জামালপুর এর আবেদন তারিখ: ১৫.০৪.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন মরাকান্দি নছিমুন্নেছা ইসলামিয়া দাখিল মাদরাসাটি শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/০৫/২০১০ তারিখের শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩১/৫/২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে গত ০৬/৫/২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকটি অকার্যকর করা হয় (প: পৃ: ১২২)।

০৩। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপার সংক্ষুব্ধ হয়ে তদকর্তৃক (সুপার) মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২২১৭/২০১২ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলার ১৯.০৭.২০১২ তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয় :

"The respondents concerned are hereby directed to enlist the name of the petitioner's Madrasha from the financial year 2009-2010 provided it complies with the requirements as provided in the the Janabal Kathamo, 2010 within a period of 90 (ninety) days from date of receipt of the certified copy of the judgment and order.

০৪। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-১৬৬৩/২০১৩ দায়ের করা হলে তা ২০.০৭.২০১৪ খ্রি. তারিখে খারিজ হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের গত ২০.০৭.২০১৪ তারিখের আদেশটি নিম্নরূপ:

"The leave petition is out of time by 257 days but the explanation offered seeking condonation of dealy is not at all satisfactory. As such, the leave petition is dismissed as barred by limitation."

০৫। এর ফলে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৯.১০.২০১৪ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০২.২০১৩(অংশ-১).৩০৪ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০৬। তৎপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের অনুকূলে ০২ (দুই) দফায় অর্থাৎ মার্চ/১৫ ও জুলাই/১৫ হতে এমপিওভুক্ত করা হয়। পরবর্তীতে বর্ণিত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক ১৫.০৪.১৯ খ্রি. তারিখে শিক্ষক-কর্মচারীগণের অনুকূলে গত ২০০৯-১০ অর্থবছরের ০৬.০৫.২০১০ হতে জুন/১৫ পর্যন্ত (উক্ত সময়ের মধ্যে যার জন্য যে মাস হতে প্রযোজ্য) বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রমূলে সচিব মহোদয় বরাবর আবেদন করা হয়।

০৭। বর্ণিত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছরের ০৬.৫.২০১০ তারিখের ১৮৪ সংখ্যক স্মারকমূলে এমপিওভুক্ত হিসেবে নির্বাচিত করায় এবং রিট পিটিশন নং-২২১৭/২০১২ মামলার ১৯.০৭.২০১২ তারিখের রায়েও ... enlist the name of the petitioner's Madrasha from the financial year 2009-2010 উল্লেখ থাকায় এবং সরকার কর্তৃক দায়েরকৃত লীভ টু আপীল নং-১৬৬৩/২০১৩ মামলাটি (সময় দ্বারা বারিত মর্মে উল্লেখপূর্বক) খারিজ হয়ে যাওয়ায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ১৯.০৭.১২ খ্রি. তারিখের রায় বহাল রয়েছে।

০৮। যেহেতু উক্ত মাদরাসার শিক্ষক-কর্মচারীগণকে ০২ দফায় অর্থাৎ মার্চ/১৫ ও জুলাই/১৫ হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের ১৯.০৭.১২ খ্রি. তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা লীভ টু আপীল নং-১৬৬৩/২০১৩ মামলাটি খারিজ হয়ে গেছে, সেহেতু ২০০৯-২০১০ অর্থবছরের ০৬ মে/২০১০ হতে জুন/২০১৫ পর্যন্ত (উক্ত সময়ের মধ্যে যার জন্য যে মাস ও বছর হতে প্রযোজ্য) সময়ের বকেয়া এমপিও প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

চলমান পৃষ্ঠা/

০৯। এমতাবস্থায়,

ক. রিট পিটিশন নং-২২১৭/২০১২ মামলায় গত ১৯.০৭.১২ খ্রি. তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন মরাকান্দি নছিমুন্নেছা ইসলামিয়া দাখিল মাদরাসা এর শিক্ষক-কর্মচারীর অনুকূলে ০৬ মে/২০১০ হতে জুন/২০১৫ পর্যন্ত (উক্ত সময়ের মধ্যে যার জন্য যে মাস ও বছর হতে প্রযোজ্য) পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) বর্তমান বাজেট হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ১৫.০৬.২০১৯ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বাস্তব প্রশাসনিক কারণে চলতি বাজেট হতে পরিশোধ সম্ভব না হলে আগামি অর্থবছরের বাজেট হতে পরিশোধের জন্য অনুরোধ করা হলো।

খ. সিংহভাগ ক্ষেত্রে নির্ধারিত সময়ের পর সরকার পক্ষ কর্তৃক আপিল দায়ের হওয়ায় আপিল সংক্রান্ত আইনগত সুবিধা সরকার পক্ষ অর্জন করতে সক্ষম হয় না বরং তামাদির কারণে সরকার পক্ষে দায়ের হওয়া সিপিএলএ মামলা খারিজ হয়ে যায়। সুতরাং প্রয়োজনীয় ক্ষেত্রে যথাসময়ে আপিল দায়ের নিশ্চিতকরণসহ এ সংক্রান্ত চলমান সকল মামলা যথাযথ মনিটর করার জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

২৩/০৫/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেভক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪ সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
১০। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
১১। সুপার, মরাকান্দি নছিমুন্নেছা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা- ইসলামপুর, জেলা-জামালপুর।
১২। সভাপতি, মরাকান্দি নছিমুন্নেছা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা- ইসলামপুর, জেলা-জামালপুর।
১৩। অফিস কপি/মাস্টার কপি